

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট আঞ্চলিক কেন্দ্র রাজাবাড়ি হাট, গোদাগাড়ি, রাজশাহী



বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

প্রতিষ্ঠার পটভূমি:

গবেষণা ছাড়া প্রাণিসম্পদ উন্নয়ন সম্ভব নয়। বিষয়টি বিবেচনা করে বাংলাদেশের প্রাণিসম্পদ উন্নয়নে গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য একটি জাতীয় প্রতিষ্ঠান স্থাপনের প্রয়োজন অনুভব করে ১৯৮৪ সালে মহামান্য রাষ্ট্রপতি ২৮ নং অর্ডিন্যান্স এর মাধ্যমে ঢাকার সন্নিকটে সাভার উপজেলায় ৪৮৬ একর জায়গার উপর ১৯৮৪ সালে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হয়।

জাতীয় কৃষি গবেষণা সিস্টেমের একটি ইনস্টিটিউট হিসাবে বিএলআরআই এর ৯ নং আইনটি গত ১৯৯৬ সালে বাংলাদেশ জাতীয় সংসদ কর্তৃক বলবৎ করা হয়।

প্রতিষ্ঠার পর থেকেই ইনস্টিটিউট এ দেশের পোল্ট্রি ও প্রাণিসম্পদ উন্নয়নের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা করে আসছে। গ্রামীণ দারিদ্র্য নির্মূল, কর্মসংস্থান সৃষ্টি, খাদ্য ও পুষ্টি ঘাটতি পূরণ, আয় বৃদ্ধি এবং নারীর ক্ষমতায়নের জন্য প্রাণিজ কৃষির এ ক্ষেত্রের উন্নয়নের লক্ষ্যে বহুমাত্রিক গবেষণা কার্যক্রম পরিচালনা করে আসছে। বিএলআরআই, বেসরকারী প্রতিষ্ঠান, ব্যক্তি প্রতিষ্ঠান ও সম্প্রসারণ সংস্থাগুলির সংগেও গবেষণা কর্ম পরিচালনা করছে এবং উদ্ভাবিত প্রযুক্তি মাঠ পর্যায়ে জনগণের নিকট হস্তান্তর করে আসছে।

আঞ্চলিক কেন্দ্র প্রতিষ্ঠার গুরুত্ব:

সময়ের প্রেক্ষাপটে পরিবর্তিত পরিস্থিতি, বৈশ্বিক জলবায়ু পরিবর্তনজনিত চ্যালেঞ্জ মোকাবেলা ও

